আগস্ট 2024 –এ প্রকাশিত
পর্যালোচনার তারিখ: আগস্ট 2027

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

## সহজ পাঠ্যের উপকরণ

এই উপকরণ একাধিক ভাষায় পাওয়া যায়। আরো তথ্যের জন্য আপনার মিডওয়াইফকে জিজ্ঞেস করুন।

Sussex
Local Maternity & Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান



আপনার মিডওয়াইফ আপনাকে পরীক্ষা করার কথা বলবেন যখন আপনি আমাদের বলবেন আপনি গর্ভবতী।

এগুলো আপনার এবং আপনার শিশুর স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য। এর মধ্যে রয়েছে রক্তের পরীক্ষা ও স্ক্যান।



আপনার গর্ভাবস্থার বিভিন্ন সময়ে পরীক্ষা হয়।

আপনার মিডওয়াইফ আপনাকে বলবেন কখন এগুলো ঘটবে।



আপনার একই পরীক্ষা একাধিকবার করা হতে পারে। এটি আপনার এবং আপনার শিশুর সবকিছু ঠিক আছে কিনা তা পরীক্ষা করার জন্য।

রক্ত পরীক্ষা অথবা স্ক্যান করার জন্য আপনি হ্যাঁ অথবা না বলতে পারবেন।



Sussex
Local Maternity &
Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

## রক্ত পরীক্ষা ও টিকাদান



আপনার জিপি প্র্যাকটিস অথবা মিডওয়াইফ দ্বারা করা পরীক্ষাগুলো বিনামূল্যের।



যে জন্য রক্ত পরীক্ষাগুলো করা হবে:

- সিকল সেল ডিজিজ এবং থ্যালাসেমিয়া
- রক্তের ধরন
- রিসাস স্ট্যাটাস
- সংক্রমণ



Sussex Local Maternity & Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

## রক্ত পরীক্ষা ও টিকাদান




যখন সাড়া শরীর জুড়ে রক্ত চলাচল করা কঠিন হয়ে পড়ে সেটিই হল সিকল সেল রো

রক্ত আটকে যেতে পারে যা আপনার এবং আপনার শিশুর জন্য বিপজ্জনক হতে পারে।

আপনার সিকল সেল ডিজিজ থাকলে আপনার অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হবে।




আপনার রক্তে প্রোটিন আছে কিনা তা দেখতে রিসাস স্ট্যাটাস পরীক্ষা করা হয়।

আপনি যদি রিসাস নেগেটিভ হন তবে আপনার শিশুকে সুরক্ষিত রাখার জন্য আপনার অন্যান্য পরীক্ষা করার দরকার হবে।



Sussex
Local Maternity &
Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

## রক্ত পরীক্ষা ও টিকাদান



সংক্রমণের মধ্যে রয়েছে হেপাটাইটিস বি, সিফিলিস এবং এইচআইভি।

যদি আপনার সংক্রমণ হয়ে থাকে, তবে আপনার কেয়ার টিম আপনাকে চিকিৎসা দেবেন। আপনি আপনার চিকিৎসা সম্পর্কিত বিকল্পগুলো সম্পর্কে প্রশ্ন করতে পারবেন।



টিকা নেওয়া আপনাকে এবং আপনার শিশুকে নিরাপদ রাখতে সাহায্য করে।

আপনার কেয়ার টিম পরীক্ষা করে দেখবেন আপনি কোন টিকাগুলো নিয়েছেন।

তারা আপনাকে এবং আপনার শিশুর সুরক্ষার জন্য আপনি টিকা দিতে চান কিনা তা জিজ্ঞেস করবেন।



Sussex Local Maternity & Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

## স্ক্যান



কেন আপনার স্ক্যান করা হবে তার বিভিন্ন কারণ রয়েছে। একটি প্রাথমিক গর্ভাবস্থার স্ক্যান যা পরীক্ষা করে:

- আপনার শিশুর আকার
- হৃদস্পন্দন
- আপনার শিশুর অবস্থান কোথায়
- আপনি কতগুলো শিশু নিতে যাচ্ছেন
- আপনার শিশু ভালোভাবে বেড়ে উঠছে কিনা



একটি নুচাল ট্রান্সলুসেন্সি স্ক্যান (NT) আপনার শিশুর ঘাড়ের পিছনের স্থানটি দেখে।
এটি যা পরীক্ষা করে:

- ডাউন'স সিনড্রোম
- এডওয়ার্ডস' সিনড্রোম
- প্যাটাউ'স সিনড্রোম



Sussex Local Maternity & Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

## স্ক্যান



আপনার মিডওয়াইফ আপনাকে এই পরীক্ষা করার আগে আপনাকে কিছু করতে হবে কিনা তা বলবেন।

আপনি আপনার মিডওয়াইফকে প্রশ্ন করতে পারবেন।



সকল পরীক্ষা প্রশিক্ষিত প্রফেশনালদের দ্বারা করা হয়।

তারা আপনাকে ফলাফল এবং পরবর্তীতে কী হবে তা বুঝতে সাহায্য করতে পারবেন।

আপনার যত্ন সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার অধিকার আপনার রয়েছে।



Sussex Local Maternity & Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান



কখনও কখনও আপনার গর্ভাবস্থায় অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হতে পারে। আপনার কেয়ার টিমের সাথে কথা বলুন যদি আপনি কোনো কিছু নিয়ে চিন্তিত থাকেন।

এটি আপনাকে এবং আপনার শিশুকে সুস্থ রাখার পরিকল্পনা করতে সাহায্য করবে।




মিডওয়াইফকে কখন কল করতে হবে তা দেখতে নিচের লিংকে ক্লিক করুন।

আপনার কাছে ইন্টারনেট না থাকলে আপনার মিডওয়াইফকে একটি কপি প্রিন্ট করতে বলুন।

[tommys.org/pregnancy-information/health-professionals/free-pregnancy-resources/poster-when-call-midwife](tommys.org/pregnancy-information/health-professionals/free-pregnancy-resources/poster-when-call-midwife)



Sussex
Local Maternity &
Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান



আপনার গর্ভাবস্থায় আপনার মিডওয়াইফকে কল করতে হতে পারে। আপনি নিচের নম্বরগুলোর মধ্যে একটি ব্যবহার করে এটি করতে পারবেন। আপনার মিডওয়াইফকে জিজ্ঞেস করুন যদি আপনি নিশ্চিত না হন যে তারা কোন হাসপাতালে কাজ করেন।

- কনকোয়েস্ট হসপিটাল, সেইন্ট লিওনার্ডস
  0300 131 4500

- ইস্টবোর্ন ডিসট্রিক্ট জেনারেল হসপিটাল
  0300 131 4500

- রয়্যাল সাসেক্স কাউন্টি হসপিটাল, ব্রাইটন
  01273 696955

- প্রিন্সেস রয়্যাল হসপিটাল, হেওয়ার্ডস হিথ
  01444 441881

- সেইন্ট রিচার্ডস হসপিটাল, চিচেস্টার
  01243 788122

- ওর্দিং হসপিটাল
  01903 205111

- ইস্ট সারে হসপিটাল
  01737 768511



Sussex Local Maternity & Neonatal System

# প্রথম পরীক্ষা ও স্ক্যান

**গর্ভাবস্থায় আপনাকে সহায়তা করতে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন:**

গর্ভাবস্থা-সম্পর্কিত সমস্যা - এনএইচএস
nhs.uk/pregnancy/related-conditions

গর্ভাবস্থায় টিকাদান - টমি’স
tommys.org/pregnancy-information/im-pregnant/antenatal-care/vaccinations-pregnancy

গর্ভাবস্থায় আমার কী কী পরীক্ষা হবে - টমি’স
tommys.org/pregnancy-information/im-pregnant/antenatal-care/what-tests-will-i-have-during-pregnancy

ন্যাশনাল এফজিএম সাপোর্ট ক্লিনিক - এনএইচএস
nhs.uk/conditions/female-genital-mutilation-fgm/national-fgm-support-clinics

আপনার কাছে ইন্টারনেট না থাকলে আপনি আপনার মিডওয়াইফকে উপরের যেকোনো লিংক থেকে আপনার তথ্য প্রিন্ট করতে বলতে পারবেন।



Sussex
Local Maternity &
Neonatal System